বাড়ি বাড়ি গিয়ে পড়ুয়াদের প্রশ্নে বিড়ম্বনায় শিক্ষকরা

স্কুল খুলবে তো? কিছুই শিখছি না

সুভাষ বর্মন

ফালাকাটায় বাড়িতে গিয়ে পড়ুয়া ও অভিভাবকদের সঙ্গে কথা বলছেন প্রধান শিক্ষক ডঃ প্রবীর রায়চৌধুরী। –সংবাদচিত্র

ফালাকাটা, ১৪ জানুয়ারি : শুক্রবার তখন দুপুর। ফালাকাটার রামকৃষ্ণ কলোনির সুস্মিতা সেন তখন মায়ের সঙ্গে আলোচনায় ব্যস্ত। ভরদুপুরে স্কুলের প্রধান শিক্ষক হঠাৎ বাড়িতে এসে হাজির। সুস্মিতা পারঙ্গেরপার শিশুকল্যাণ হাইস্কুলের নবম শ্রেণির ছাত্রী। প্রধান শিক্ষককে বাড়িতে দেখেই সে প্রশ্ন করে বসে, 'স্যর, স্কুল কবে খুলবে? এভাবে আর বাড়িতে বসে পড়াশোনা হচ্ছে না।' সুস্মিতার মাও প্রশ্নটা করলেন। প্রধান শিক্ষক এই প্রশ্নের উত্তর জানেন না। তাই একপ্রকার সান্ত্বনা দিয়েই তিনি বললেন, আপাতত বাড়িতেই পড়াশোনা চালিয়ে যেতে হবে সুস্মিতাদের।

করোনা পরিস্থিতিতে দীর্ঘদিন শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে পঠনপাঠন বন্ধ ছিল। পরিস্থিতি কিছুটা নিয়ন্ত্রণে এলে গত বছর নভেম্বর মাসে নবম–দ্বাদশ শ্রেণিতে পঠনপাঠনের অনুমতি মেলে। কিন্তু এবছর ফের সংক্রমণ বাড়তে শুরু করায় আবারও স্কুল–কলেজের দরজা বন্ধ হয়ে যায়। তবে রাজ্য সরকারের নির্দেশ, পড়ুয়াদের পড়াশোনা কেমন চলছে, তা জানতে শিক্ষকদের ছাত্রছাত্রীর বাড়ি বাড়ি গিয়ে খোঁজ নিতে হবে। আর সেটা করতে গিয়েই পড়ুয়া–অভিভাবকদের নানা প্রশ্নের মুখে তাঁদের পড়তে হচ্ছে।

ফালাকাটার পারঙ্গেরপার শিশুকল্যাণ হাইস্কুলের প্রধান শিক্ষক ডঃ প্রবীর রায়চৌধুরী স্কুলের সহ শিক্ষকদের নিয়ে প্রায়শই পড়ুয়াদের বাড়ি বাড়ি যাচ্ছেন। কিন্তু মাস্টারমশাইদের বাড়িতে পেয়ে পড়ুয়াদের প্রশ্নের যেন আর শেষ নেই।

কী কী প্রশ্ন করছে পড়ুয়ারা? পারঙ্গেরপার শিশুকল্যাণ হাইস্কুলের দশম শ্রেণির ছাত্র সায়ন সরকারের কথায়, 'অনেক কিছু না শিখেই পরীক্ষায় উত্তীর্ণ হচ্ছি। এভাবে ঘরে বসে পড়াশোনায় পূর্ণতা আসছে না। আমরা চাই আবার স্কুলে ক্লাস শুরু হোক।' প্রাইমারির গণ্ডি পেরিয়ে কলেজপাড়ার বাসিন্দা রিয়ান কর এবারই পঞ্চম শ্রেণিতে ভর্তি হয়েছে। কিন্তু স্কুল বন্ধ থাকায় একদিনও ক্লাস করতে পারেনি সে। রিয়ান বলে, 'স্কুল না খুললে বাড়িতে পড়ায় মন বসছে না। কবে খুলবে স্কুল?'

প্রশ্ন অভিভাবকদের মুখেও। ফালাকাটার বাসিন্দা স্বপন দত্ত বলেন, 'আমার মেয়ে নবম শ্রেণিতে পড়ে। শিক্ষকরা বাড়িতে এসেছিলেন। তাঁদেরকে বলেছি, এই দু'বছরে মেয়ের পড়াশোনায় অনেক ক্ষতি হল। এখন স্বাস্থ্যবিধি মেনে স্কুল খোলা দরকার।' অনেক অভিভাবক শিক্ষকদের ফোন করেও স্কুল খোলার দাবি জানাচ্ছেন। এক্ষেত্রে তাঁদের যুক্তি, পড়ুয়াদের ভ্যাকসিন দেওয়া হচ্ছে। তাই স্বাস্থ্যবিধি মেনে প্রয়োজনে ৫০ শতাংশ উপস্থিতি নিয়ে স্কুলে পঠনপাঠন শুরু করা যেতেই পারে। অভিভাবকদের এধরনের নানা যুক্তির মুখে পড়ে শিক্ষকরাও বিপাকে পড়েছেন।

পারঙ্গেরপার শিশুকল্যাণ হাইস্কুলের প্রধান শিক্ষক প্রবীর রায়চৌধুরী বলেন, 'পড়ুয়াদের বাড়িতে খোঁজ নিতে গেলেই প্রশ্নের মুখে পড়তে হচ্ছে। কেউ ফোন করেও আবেদন জানাচ্ছেন। কিন্তু এটা তো রাজ্য সরকারের নির্দেশ। তাই আমাদের কিছুই করার নেই।' অন্যান্য স্কুলের শিক্ষকদেরও একই অবস্থা। ফালাকাটার রাইচেঙ্গা বিদ্যা নিকেতন হাইস্কুলের প্রধান শিক্ষক বিকাশ সরকারের কথায়, 'স্কুল খুলছে না কেন, এ প্রশ্ন রোজ শুনতে হয়। উঁচু ক্লাসের পড়ুয়াদের পাশাপাশি অভিভাবকরাও প্রশ্ন করছেন।'

জলদাপাড়ার লাল্টুরাম হাইস্কুলের প্রধান শিক্ষক প্রাণতোষ পালও পড়ুয়াদের বাড়ি বাড়ি গিয়ে প্রশ্নের মুখে পড়েছেন। তাঁর বক্তব্য, 'ছেলেমেয়েদের অনেকেই বাড়িতে ঠিকমতো পড়াশোনা করছে না। এজন্য বাড়ি বাড়ি যাচ্ছি। কিন্তু পড়ুয়াদের প্রশ্ন একটাই। স্কুল কেন খুলছে না।' একই অভিজ্ঞতা হয়েছে পলাশবাড়ির শিলবাড়িহাট হাইস্কুলের প্রধান শিক্ষক পীযূষকুমার রায়েরও।

ভালুক বাঁচিয়ে প্রশংসিত তিন যুবক

আধিকারিকদের সঙ্গে শংসাপত্র হাতে মহেশরা। ছবি : গোপাল মণ্ডল

বিন্নাগুড়ি, ১৪ জানুয়ারি : জঙ্গল থেকে লোকালয়ে চলে আসা একটি ভালুককে সুস্থ অবস্থায় বন দপ্তরের হাতে তুলে দিতে সাহায্য করায় বন দপ্তর তিন যুবককে পুরস্কৃত করল।

শুক্রবার বিন্নাগুড়ি বন্যপ্রাণ শাখার সামনে জলপাইগুড়ি জেলা অনারারি ওয়াইল্ডলাইফ ওয়ার্ডেন সীমা চৌধুরী জাকির হোসেন, মহেশ ওরাওঁ ও পরেশনাথ রায় নামে ওই তিন যুবকের হাতে শংসাপত্র তুলে দেন। বিন্নাগুড়ি বন্যপ্রাণ শাখার রেঞ্জ অফিসার শুভাশিস রায়, বিট অফিসার রাজীব চন্দ প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

সীমা জানান, গত বছর ১৯ ডিসেম্বর একটি ভালুক জঙ্গল থেকে বেরিয়ে বানারহাটের চানাডিপা এলাকার একটি বাঁশঝাড়ে লুকিয়ে পড়ে। লোকালয়ে ভালুকের উপস্থিতিতে স্থানীয় বাসিন্দাদের মধ্যে আতঙ্ক ছড়ায়। সেসময় গ্রামবাসীদের সহযোগিতায় চানাডিপা এলাকার ওই তিন যুবক ভালুকটিকে সুস্থ অবস্থায় বন দপ্তরের হাতে তুলে দেন।

বন দপ্তরের তরফে পুরস্কৃত হয়ে জাকির হুসেন, পরেশনাথ রায়, মহেশ ওরাওঁ বেশ খুশি। মহেশ বলেন, 'শংসাপত্র পেয়ে একদিকে যেমন খুব ভালো লাগল, তেমন বন্যপ্রাণীদের প্রতি দায়িত্বটাও বেড়ে গেল।' বন্যরা জঙ্গল থেকে কোনওভাবে লোকালয়ে ঢুকে পড়লে তাদের কোনও ক্ষতি না করে যাতে বন দপ্তরে খবর দেওয়া হয়, সেটা প্রচার করবেন বলে মহেশ জানান। বন দপ্তরের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়ে গয়েরকাটার পরিবেশপ্রেমী সংস্থা আরণ্যক–এর সম্পাদক কৌশিক বাড়ৈ বলেন, 'বন দপ্তর এমন উদ্যোগ নিলে মানুষ–বন্যপ্রাণ সংঘাত অনেক কমবে। মানুষের মধ্যে বন্যপ্রাণ নিয়ে সচেতনতা বাড়বে।'

লটারিতে ভর্তির বিরোধিতায় বিক্ষোভ

শুভজিৎ দত্ত

নাগরাকাটা, ১৪ জানুয়ারি : লটারির মাধ্যমে ছাত্র ভর্তির বিরোধিতায় নাগরাকাটার একলব্য মডেল আবাসিক স্কুলের সামনে বিক্ষোভ দেখালেন অভিভাবকরা। একইসঙ্গে তাঁদের দাবি, ভর্তিতে স্থানীয় পড়ুয়াদের প্রাধান্য দিতে হবে। শুক্রবার সকাল থেকে সংশ্লিষ্ট স্কুলগেটের সামনে লটারিতে সুযোগ না পাওয়া পড়ুয়াদের অভিভাবকরা ধর্নায় বসেন। উলগুলান ভারত আদিবাসী একতা মঞ্চের ব্যানারে বিক্ষোভ কর্মসূচি চলে।

অভিভাকদের বক্তব্য, লটারি প্রক্রিয়ায় মেধাবীরা সুযোগ পাচ্ছে না। আগের মতো প্রবেশিকা পরীক্ষা নেওয়া হোক। উঠে আসে প্রতিটি ব্লকে একটি করে একলব্য মডেলের ধাঁচে স্কুল খোলার দাবির কথাও। লটারিতে এবার যারা সুযোগ পেয়েছে, তাদের ভর্তি প্রক্রিয়া এদিন আন্দোলনের জেরে আটকে যায়। পরে নাগরাকাটার বিডিও বিপুলকুমার মণ্ডল বিক্ষোভকারীদের সঙ্গে দেখা করতে আসেন। দুপুরের পর ধর্না উঠে যায়।

রাজ্যের অনগ্রসর সম্প্রদায় কল্যাণমন্ত্রী বুলু চিকবড়াইক বলেন, 'সবাই চাইছেন তাঁদের ছেলেমেয়েরা উচ্চমানের ওই স্কুলে পড়াশোনার সুযোগ পাক। এটা অন্যায় কিছু নয়। তবে সরকারি নির্দেশেই সেখানে লটারির মাধ্যমে ভর্তি নেওয়া হয়েছে। আদিবাসী অধ্যুষিত অন্যান্য জায়গায় আরও একলব্য স্কুল খোলা যায় কি না, সেব্যাপারে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব।'

অনগ্রসর শ্রেণিকল্যাণ দপ্তর পরিচালিত একলব্য স্কুলটি ইংরেজিমাধ্যম। তপশিলি উপজাতি সম্প্রদায়ের সন্তানরাই সেখানে ভর্তির সুযোগ পায়। আসন সংখ্যা ৭০। ফি বছর ষষ্ঠ শ্রেণিতে ভর্তি নেওয়া হয়। আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, কোচবিহার, দার্জিলিং জেলার চা বলয় ও বনবস্তির ছেলেমেয়েরা এখানে পড়াশোনা করে। উপজাতি পড়ুয়াদের

> সরকারি নির্দেশেই লটারির মাধ্যমে ভর্তি নেওয়া হয়েছে। আদিবাসী অধ্যুষিত অন্যান্য জায়গায় আরও একলব্য স্কুল খোলা যায় কি না, সে ব্যাপারে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব।
>
> **–বুলু চিকবড়াইক**
> *রাজ্যের অনগ্রসর সম্প্রদায় কল্যাণমন্ত্রী*

হস্টেলে থেকে পড়াশোনার যাবতীয় খরচ সরকারই বহন করে। ভর্তি প্রত্যাশীদের সংখ্যা আসনসংখ্যার কয়েকগুণ থাকে। বর্তমানে রাজ্যে সাতটি একলব্য স্কুল রয়েছে।

আন্দোলনকারীদের তরফে বলিরাম কুজুর বলেন, 'স্কুল এখানে, অথচ স্থানীয়রা সুযোগ পায় না। লটারি প্রথা বাতিল না হলে আন্দোলন অব্যাহত থাকবে।' একই বক্তব্য সুলকাপাড়ার অভিভাবক অণিমা ওরাওঁয়ের।

তিথি মেনে শিকারে মাতলেন আদিবাসীরা

গুড়গুড়ি, ডুম্বায় উৎসব রাজবংশী–বেদিয়াদের

সৌরভ রায়

প্রথা মেনে সাকরাতে চলেছেন আদিবাসী তরুণরা। –সংবাদচিত্র

কুশমণ্ডি, ১৪ জানুয়ারি : কেউ বানালো তেলপোয়া, গোলাপিঠা, গুড়গুড়ি পিঠা। কেউ আবার পুষনা, ডুম্বা পিঠা বানিয়ে তুলসীতলায় নিবেদন করলেন। সংক্রান্তি তিথি উপলক্ষ্যে কুশমণ্ডিতে রাজবংশী–বেদিয়াদের মধ্যে নানান স্বাদের পিঠে তৈরির হিড়িক দেখা গেল। আবার তিথি মেনে শিকার উৎসবে মাতলেন আদিবাসীরা।

উষাহরণ বসাকপাড়ার ফণীন্দ্রনাথ বসাক বলেন, 'সংক্রান্তি তিথিতে তেলপোয়া, গোলাপিঠা, গুড়গুড়ি পিঠে, ভাকা পিঠে, পাটিসাপটার আদলে ঝালপিঠে তৈরি করার রীতি রয়েছে। সন্ধ্যাবেলায় এইসব পিঠে তুলসীতলায় নিবেদন করে প্রসাদ গ্রহণ করা হয়।'

রাজবংশী সমাজের প্রবীণশিল্পী আকুলবালা সরকারের কথায়, 'পৌষ সংক্রান্তিতে কেউ কেউ পিঠে তৈরি করেন। পিঠের সঙ্গে তিল মেশাতেও দেখা যায়।'

পৌষ বা মকরসংক্রান্তিতে বৈশ্য সম্প্রদায়ের মধ্যে কেউ কেউ নতুন চালের গুঁড়ো দিয়ে তেল পিঠে তৈরি করেন। বেদিয়া সমাজে শাস্ত্র মেনে পৌষসংক্রান্তি পালিত হয় না। বেদিয়া সমাজ কর্মী ও গবেষক দিলীপ মাহাতো জানান, 'অগ্রহায়ণের নতুন ধান ঘরে তোলার পর চাল সেদ্ধ করা হয়। এই সময় অনেকেই নতুন চাল গুঁড়ো করে পিঠে পুলি তৈরি করা হয়। সেই পিঠার নাম পুষনা। আবার চালের গুঁড়ো দিয়ে ছোট ছোট মণ্ড বানিয়ে সেগুলি সারারাত দুধ ও গুঁড় একসঙ্গে ফুটিয়ে ভিজিয়ে রাখা হয়, তখন যে পদ হয়, তার নাম ডুম্বা। পাশাপাশি চালের গুড়ার রুটির মধ্যে গুড় ঢুকিয়ে সারারাত দুধে ভিজিয়ে রাখা হয়। এভাবে তৈরি হয় অহিঁখ লম্বুয়া।'

> সংক্রান্তি তিথিতে তেলপোয়া, গোলাপিঠে, গুড়গুড়ি পিঠে, ভাকা পিঠে, পাটিসাপটার আদলে ঝালপিঠে তৈরি করার রীতি রয়েছে। সন্ধ্যাবেলায় পিঠে তুলসীতলায় নিবেদন করে প্রসাদ গ্রহণ করা হয়।
>
> **–ফণীন্দ্রনাথ বসাক**
> *স্থানীয় বাসিন্দা*

অন্যদিকে, আদিবাসী সমাজে পৌষসংক্রান্তির চারদিন আগে থেকেই অনুষ্ঠান শুরু হয়ে যায়। পাঁচদিন ধরে বিভিন্ন নিয়ম–কানুন মেনে চলেন আবালবৃদ্ধবনিতা। প্রথম দিনের উৎসবকে বলা হয় উম মাহা বা স্নান পর্ব। দ্বিতীয় দিন দেবদেবীদের পূজার্চনা উৎসবকে বঙ্গামাহা বলে। তৃতীয় দিনে যে অনুষ্ঠান হয়, তার নাম খুনটোউমাহা। এই দিনটিতে দল বেঁধে সারাদিন ধরে নাচ গানে মেতে ওঠেন সকলে। চতুর্থ দিন গৃহপালিত পশুদের উদ্দেশ্যে পূজার্চনা হয়, যার নাম জালিমাহা। সংক্রান্তির দিন পৌষ–পার্বণের উৎসব শেষ হয় সাকরাত বা শিকার পর্বের মধ্যে দিয়ে। শুক্রবারও দেখা গেল, দল বেঁধে শিকার করতে বেরিয়ে পড়েন আদিবাসীরা। পৌষ–পার্বণ উপলক্ষ্যে তারা তেলপিঠা তৈরি করেন।

গন্ডারের পায়ের ছাপ পাতলাখাওয়ায়

পুণ্ডিবাড়ি, ১৪ জানুয়ারি : গন্ডারের পায়ের ছাপকে কেন্দ্র করে শুক্রবার পাতলাখাওয়া জঙ্গলে চাঞ্চল্য ছড়াল। খবর পেয়ে এদিন বিকেলে বন দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকদের এক প্রতিনিধিদল ঘটনাস্থলে যায়।

স্থানীয় সূত্রে খবর, এদিন সকালে স্থানীয় রাকেশ সরকার ও হরকুমার সরকার তাঁদের আলুখেতে কাজ করার সময় একটি গন্ডার দেখতে পান বলে দাবি করেন। ঘটনাটি তাঁরা অন্যদের জানালে গন্ডার দেখতে ভিড় জমে। সেসময় অনেকেই সেখানে গন্ডারের পায়ের ছাপ দেখতে পান বলে দাবি। খবর পেয়ে পুণ্ডিবাড়ি রেঞ্জের বনকর্মীরা ঘটনাস্থলে গিয়ে পায়ের ছাপ সংগ্রহ করেন। খবর পেয়ে কোচবিহার থেকে ডিভিশনাল ফরেস্ট অফিসার সঞ্জিতকুমার সাহা, পুণ্ডিবাড়ির রেঞ্জ অফিসার চন্দন ভট্টাচার্য প্রমুখ রসমতীর জঙ্গলে গিয়ে পায়ের ছাপ ভালো করে পর্যবেক্ষণ করেন ও এলাকা ঘুরে দেখেন।

ডিএফও সঞ্জিতকুমার সাহা বলেন, 'পাতলাখাওয়ার জঙ্গলের সঙ্গে জলদাপাড়া জঙ্গলের সংযোগ থাকায় গন্ডার আসতেই পারে। পাতলাখাওয়ার জঙ্গলে খাবারের মতো উপাদানও রয়েছে। তাই তোর্ষা নদীর ধার দিয়ে গন্ডার যাতায়াতের সম্ভাবনা রয়েছে। আমরা এদিন গন্ডারের পায়ের ছাপের বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছি।'



IRCON INTERNATIONAL LIMITED
(A Govt. of India Undertaking)
Website: www.ircon.org CIN: L45203DL1976GOI008171

ই–প্রোকিউরমেন্ট নোটিশ (জাতীয় প্রতিদ্বন্দ্বিতামূলক দরদান)

ই–টেন্ডার নং: ইরকন/২০৪৬/এনএফআর–এসআরআরপি/প্রটেকশন ওয়ার্ক অ্যান্ড উভেন ক্রেটস/২০২২_ইরকন_১০০৬২২_তারিখ: ১৫/০১/২০২২ বিষয়: ''সিজিএম/পিএইচ/রংপো সেকশনের অধীন ভালুকখোলা থেকে রংপোচু নদীর মধ্যে নদীর দিকে মাক ডাম্পিং ইয়ার্ডের সিভক রংপো রেলওয়ে প্রজেক্ট প্রটেকশনের নির্মাণ প্রটেকশন ওয়ার্কের মধ্যে রয়েছে গ্যাবিয়ন ওয়ালস, আরআরএম ওয়ালস জড়িত। প্রাকৃতিক ঝোরা ক্রসিংয়ে হিউম পাইপ কালভার্টস তৎসহ সাইট পরিস্থিতি অনুযায়ী এবং সাইটের প্রয়োজন অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় কাজ।''

বরাদ্দকৃত ব্যয়	টা: ১,৫৬,৭২,৬৪০.০০ (১২% হারে জিএসটি সহ)
দর দাখিল করার শেষ তারিখ ও সময়	০৭.০২.২০২২'এর ১৫.০০ ঘটিকা পর্যন্ত

আরও বিবরণের জন্য আসুন ওয়েবসাইট: https://etenders.gov.in/eprocure/app সংশোধনী/সংযোজন/অভিযোজন যদি থাকে কেবলমাত্র ওয়েবসাইটে দেওয়া হবে।
সিজিএম/পিএইচ/রংপো
ইরকন ইন্টারন্যাশনাল লিমিটেড

ভারত সরকার
অসামরিক বিমান চলাচল মন্ত্রক
রেলওয়ে নিরাপত্তা কমিশন

প্রেস বিজ্ঞপ্তি

অসামরিক বিমান চলাচল মন্ত্রক, ভারত সরকারের অধীনে উত্তর পূর্ব সীমান্ত সার্কেল, কলকাতার রেলওয়ে নিরাপত্তা কমিশনার মোঃ লতিফ খান ১৪.০১.২০২২ তারিখ সকাল ০৯ঃ৩০ থেকে ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার, আলিপুরদুয়ার জংশন-এর দপ্তরে বিধিবদ্ধ তদন্ত করবেন ১৫৬৩৩ আপ (বিকানের-গুয়াহাটি) এক্সপ্রেসের ১৩.০১.২০২২ তারিখে নিউ জলপাইগুড়ি - নিউ কোচবিহার বিভাগের নিউ দোমোহনি-নিউ ময়নাগুড়ি স্টেশনের মধ্যে ১৬ঃ৫৫ঘ. নাগাদ লাইনচ্যুত হওয়ার বিষয়ে।

যদি কোনো ব্যক্তির কাছে এই দুর্ঘটনা সম্বন্ধে কোন তথ্য অথবা এর সাথে যুক্ত অন্য যেকোন বিষয়ে কিছু হদিশ থাকে এবং তিনি সেই বিষয়ে তদন্ত কমিটিকে প্রমাণ পেশ করতে চান তাহলে উক্ত অফিসে দেখা করতে পারেন অথবা রেলওয়ে নিরাপত্তা কমিশনার, উত্তর পূর্ব সীমান্ত সার্কেল, ১৪ স্ট্র্যান্ড রোড, ১২তম তল, নিউ কয়লাঘাট ভবন, কলকাতা-৭০০০০১-এ লিখে জানাতে পারেন।

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

সোনা ও রুপার দর

খাঁটি সোনা ১০গ্রাম (২৪ ক্যাঃ)	৪৮৮০০
গিনি সোনা ১০ গ্রাম (২২ ক্যাঃ)	৪৬৩০০
১০ গ্রাম (২২ ক্যাঃ)	৪৭০০০
রুপা (বাট) ১ কেজি	৬২৩৫০
রুপা (খুচরা) ১ কেজি	৬২৪৫০

পঃবঃ বুলিয়ান মার্চেন্টস্ অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশনের বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)

বিক্রয়

হায়দরপাড়া বাজারে ICICI ATM-এর বিপরীতে ফার্নিচার সহ 96 sq.ft. দোকান বিক্রয়। দাম 25 লাখ টাকা। (M) :- 7908410174. (C/97380)

জ্যোতিষ

হস্তরেখা ও কুষ্ঠি বিচারক শ্রী সুব্রত চক্রবর্তী, প্রতি ইং মাসের ৮–১৪ তাং হিলকার্ট রোড, ১৫–২২ সিটি সেন্টারে বসছেন রত্ন ভাণ্ডার জুয়েলার্স। মোঃ–99324-14419/9434346666

●

বাবা সমীম খান ঘরে বসে 3 ঘণ্টায় A to Z সমাধান। বশীকরণ, মুঠকরণী, প্রেম বিবাহ, গৃহবিবাদ, স্বামী–স্ত্রীর মধ্যে মনোমালিন্য, সতিন/শত্রুদমন। মনের মতো ভালোবাসা : 8941840024. (C/97348)

●

কোথাও কাজ না হলে আমার কাছে সমাধান! শক্তি চমৎকার ২ ঘণ্টায়। বাবা খান আজমেরী। মনের মতো প্রেম, বশীকরণ, মুঠকরণী, প্রেম বিবাহ, চাকরি, ব্যবসা–8171946058. (C/97346)

TENDER NOTICE

বৈজ্ঞানিক যন্ত্রপাতি সরবরাহের জন্য www.ubkv.ac.in দেখুন

Sd/–
in–charge,
RRS(OAZ), UBKV

ক্রয়

বাগডোগরা থেকে শিলিগুড়ি মেইন রোডে ও ভেতরে বড় জমি ক্রয় করতে ইচ্ছুক ব্যক্তি ফোন করুন। (M) –7719336547. (K.D/R)

টাওয়ার

আপনার খালি জমি, ছাদে Indus কোম্পানির মাধ্যমে 4G টাওয়ার বসান। (M):- 7683868046, 8984631959. (C/97361)

ভর্তি

Terai International School
www.tischool.in

আবাসিক বাংলামাধ্যম School, W.B.B.S.E Based শান্তিনিকেতনের আদলে পরিচালিত দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত ভর্তি চলছে। 12A 80G Educational Society। 25 জন দুঃস্থ মেধাবী ছাত্র–ছাত্রীকে Free Hostel–এ রেখে পড়াশোনার দায়িত্ব গ্রহণ করবে। Ph : 7586909494, 8759100876. (C/97309)

eTENDER NOTICE
Office of the BDO
Banarhat Block:: Jalpaiguri

Notice inviting e-Tender by the undersigned for various works vide NIT No. BANARHAT/BDO/NIT-006/2021-22 dated 13/01/2022. Last date and time of online bid submission 28-01-2022 upto 18:55 hours.
For further details following site may be visited https://wbtenders.gov.in

Sd/-
BDO
Banarhat, Jalpaiguri

eTender Notice
Office of the Block
Development Officer
Mal : Jalpaiguri

Notice inviting e-Tender by the undersigned for different works vide NIT No. WB/15/BDO/MAL/2021-22 dated 13/01/2022. Last date of online bid submission 28-01-2022 upto 18:55 hours. For further details you may visit https://wbtenders.gov.in

Sd/-
BDO, Mal,
Jalpaiguri

ইরকন ইন্টারন্যাশনাল লিমিটেড
(একটি ভারত সরকারের উদ্যোগ)
সিআইএন : এল৪৫২০৩ ডিএল ১৯৭৬ জিওআই০০৮১৭১, ওয়েব www.ircon.org

ই–প্রোকিওরমেন্ট নোটিশ (জাতীয় প্রতিদ্বন্দ্বিতামূলক দরদান)

ই–টেন্ডার নং ইরকন/২০৪৬ / এনএফআর–এসআরআরপি/প্রোটেকশন ওয়ার্ক অ্যান্ড উভেন ক্রেটস / ২০২২_ইরকন_১০০৬২২ তারিখ ১৫.০১.২০২২

''সিজিএম / পিএইচ/ রংপো সেকশনের অধীন ভালুকখোলা থেকে রংপোচু নদীর মধ্যে নদীর দিকে মাক ডাম্পিং ইয়ার্ডের প্রোটেকশনের জন্য সিভক রংপো রেলওয়ে প্রজেক্টর নির্মাণ। সুরক্ষার কাজের মধ্যে রয়েছে গ্যাবিয়ন ওয়ালস, আরআরএম ওয়ালস, প্রাকৃতিক ঝোরার ক্রসিংয়ে হিউমপাইপ, কালভার্ট তৎসহ সাইটের পরিস্থিতি এবং সাইটের প্রয়োজন অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় কাজ।''

বরাদ্দকৃত ব্যয়	টাঃ ১,৫৬,৭২,৬৪০.০০ (১২% হারে জিএসটি সহ)
দর দাখিল করার শেষ তারিখ এবং সময়	০৭.০২.২০২২'এর বিকাল ১৫ ঘটিকা পর্যন্ত

আরও বিবরণের জন্য আসুন ওয়েবসাইট https://etenders.gov.in/eprocure/app সংযোজনী, সংশোধনী / পুনর্যোজন যদি থাকে কেবলমাত্র ওয়েবসাইটেই দেওয়া হবে।
সিজিএম / পিএইচ / রংপো

Mahindra XUV 500 2012 Top Model Mahindra XUV 500 in excellent condition for sale in Siliguri. For inspection, test drive Contact : 94343-68449

কর্মখালি

প্রাইভেট ব্যাংকের জন্য নিজ এলাকায় মঙ্গলবার থেকে ইন্টারভিউয়ের মাধ্যমে ছেলেমেয়ে নিয়োগ করা হবে। রেজিঃ–এর জন্য কোনওরকম টাকা নেওয়া হয় না। (মো)–7407809939, 8670027230. (C/97389)

●

NGO আধারের জন্য অপারেটর নিয়োগ। খালি পদ 1070 বেতন 17300/– থেকে 33000/– পর্যন্ত, ফর্ম 350/– যোগাযোগ–9432778707. (C/97387)

●

Anandaloke Siliguri requires experienced in Medical Stores Management with working knowledge of Tally. Salary Negotiable. Post CV at anandaeyecare@gmail.com (C/97379)

●

Espy Security Comp.–তে আনন্দলোক এবং হেরিটেজ হসপিটালে কাজের জন্য Security Guard চাই। বেতন–8500–9000/–, PF ও ESI সুবিধা আছে। Ph–9775210321, 9674413333. (Kol)

ডাইরেক্ট জয়েনিং

বিনা ডোনেশনে Airport কন্ট্রাক্টরের অধীনে ও ব্যাংক DSA–তে অষ্টম–স্নাতক M/F কর্মী চাই। বেতন 17400/––47800/– থাকা ফ্রি। M : 9593608176. (C/97377)

স্থায়ী কাজ ৮ ঘণ্টা

বেতন 18,700/–, থাকা, খাওয়া ফ্রি। এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে যাত্রীদের খাবার প্যাকিং–এ ১৮২ জন চাই। যোগাযোগ হেড অফিস কলকাতা ঃ 9432963240. (C/97389)

Walk–in– Interview

Amrity College of Education, Amrity, Malda. A walk–in–interview will be held at Sovanagar DIET for the following posts for D.El. Ed Course (a) HOD–1 (b) Education–1 Eligible Candidate may apply to the Secretary of ACE. All posts are regular / Full time. Eligibility As per NCTE norms. Pay Scale as per W.B. State govt. Norms. Interview Date will informed via Email/phone. Mob : 83483 89160 / 82503 61893. Email ID – amritycollege14@gmail.com
Sd/– Secretary. (M–95806)

অ্যাফিডেভিট

আমার ড্রাইভিং লাইসেন্সের নাম ভুল থাকায় WB 73 19880366558, 20.12.2021 তারিখে শিলিগুড়ি নোটারি পাবলিকে অ্যাফিডেভিট বলে Md Janibakkar এবং Md JhonyWalkar এবং পিতা Pachu এবং Md. A. Hussain একই ব্যক্তি নামে পরিচিত হল। (C/111551)

●

আমার ড্রাইভিং লাইসেন্সে নামে ভুল থাকায় 10–12–21 তারিখে APD. EM কোর্টে অ্যাফিডেভিট করে Aftaruddin Mia, S/o Gela Miya এবং Md. Aftaruddin Mia, S/o Md. Gela Mia একই ব্যক্তিরূপে পরিচিত হলাম। (B/S)

এক হোয়াটসঅ্যাপেই বিজ্ঞাপন

জন্মদিনে অথবা বিবাহবার্ষিকীতে শুভেচ্ছা জানাতে, হবু জামাই অথবা পুত্রবধূ খুঁজতে, চাকরির খোঁজ পেতে অথবা শূন্যপদের জন্য প্রার্থী খুঁজতে, কখনও বা হারিয়ে যাওয়া প্রিয়জনকে খুঁজে পেতে বিজ্ঞাপন দেওয়ার প্রয়োজন হয়।

আর বিজ্ঞাপন দেওয়ার জন্য উত্তরবঙ্গের বাসিন্দাদের একমাত্র পছন্দ উত্তরবঙ্গ সংবাদ। আমরা সেই বিজ্ঞাপন দেওয়ার পথ অনেক সহজ করে দিচ্ছি।

আপনাকে আসতে হবে না। শুধু আপনি যেমন ভাষায় বিজ্ঞাপন দিতে চান লিখে পাঠিয়ে দিন আমাদের হোয়াটসঅ্যাপ নম্বরে। আমাদের প্রতিনিধি যোগাযোগ করবেন আপনার সঙ্গে।

ভেবে দেখুন, আমাদের কাছে একটি হোয়াটসঅ্যাপ মেসেজ পাঠিয়ে আপনি কত সহজে কত লক্ষ মানুষের কাছে পৌঁছে যেতে পারছেন।

হোয়াটসঅ্যাপ অথবা মেসেজ করুন
৯০৬৪৮৪৯০৯৬
এই নম্বরে

উত্তরবঙ্গের আত্মার আত্মীয়
উত্তরবঙ্গ সংবাদ